আজকের কাগজ

তারিখ ... 2-6 JUL 1994 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ ...

33

# নাটোরে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির আওতায় ৭৫৬ মেট্রিক টন গম বিতরণ

বর্তমান সরকারের গৃহীত শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির আওতায় প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নাটোর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এ পর্যন্ত ৭ শ' ৫৬ মেট্রিক টন গম বিতরণ করা হয়েছে। জানা যায় জেলার ৬টি থানা এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে নাটোর সদরে ২ হাজার ১৩৪ জন ছাত্র-ছাত্রীকে ১৯৮ মেট্রিক টন, গুরুদাসপুরে ১ হাজার ১০৬ জনকে ৮৮ মেট্রিক টন, বড়াইগ্রামে ১ হাজার ৩৭৮ জনকে ৯৮ মেট্রিক টন, বাগাতীপাড়ায় ১ হাজার ১৮৪ জনকে ৮৯ মেট্রিক টন, লালপুরে ১ হাজার ২১৩ জনকে ১৮০ মেট্রিক টন এবং সিংড়ায় ১ হাজার ২৮৯ জনকে ১০৩ মেট্রিক টন গম ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে। নাটোর জেলার এ পর্যন্ত ৫২টি প্রাথমিক বিদ্যালয়কে এ কর্মসূচির আওতায় আনা হয়েছে। নাটোর থেকে জাহীদুল হুদা।